

বিসমিল্লাহির রাহমানির রাহিম।

সুধী,

আসসালামু আলাইকুম। আগামী খ্রিঃ ২১/০৩/২০১৯ তারিখ রোজ-বৃহস্পতিবার সকাল ১০.০০ ঘটিকার সময় ৬নং তিতুদহ ইউনিয়ন পরিষদের আয়োজনে তিতুদহ সরকারী প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গনে দুর্নীতি বিরোধী, বাল্য বিবাহ মুক্ত, মাদক বিরোধী, মান সম্মত শিক্ষা ও সন্ত্রাস বিরোধী বিষয়ের উপর মত বিনিময় সভার আয়োজন করা হয়েছে। মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন জনাব গোপাল চন্দ্র দাস, জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা। সম্মানিত বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থাকবেন জনাব মোঃ মাহাবুবুর রহমান পি.পি.এম (বার), পুলিশ সুপার, চুয়াডাঙ্গা ও জনাব মোঃ ওয়াশীমুল বারী, উপজেলা নির্বাহী অফিসার, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা। সভাপতিত্ব করবেন জনাব মোঃ আকতার হোসেন, চেয়ারম্যান, ৬নং তিতুদহ ইউনিয়ন পরিষদ। উক্ত মতবিনিময় সভায় উপস্থিত থাকার জন্য আপনাকে বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

(মোঃ আকতার হোসেন)

চেয়ারম্যান

৬নং তিতুদহ ইউনিয়ন পরিষদ

চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।